


## রাজারহাট

# লাউহাটি থেকে নিউটাউনগামী রাস্তা বেহাল



সংবাদদাতা, রাজারহাট: সংস্কার হয়েছে সবে এক বছর হল। আবার ভেঙে গেল লাউহাটি-নিউটাউনগামী একটি রাস্তা। নিম্নমানের সামগ্রী দিয়ে কাজ হয়েছিল তাই রাস্তাটি তৈরি পরপরই ভেঙে গেল, এই অভিযোগ তুলে পঞ্চায়েতের উপর ক্ষোভ প্রকাশ করেছেন স্থানীয় বাসিন্দারা। ওমরআইট গ্রামের এই কংক্রিটের ঢলাই রাস্তা মেরামত হওয়ার পরপরই কেন ভেঙে গেল তা নিয়ে প্রশ্ন তুলছেন স্থানীয়রা।

চাঁদপুর গ্রাম পঞ্চায়েতের লাউহাটি বাজার থেকে ওমরআইট গ্রামে যেতে মাঠের ধার বরাবর তৈরি হয়েছিল রাস্তাটি। সেটি দিয়ে নিউটাউন শহরে সহজে যাওয়া যায় বলে মোটরবাইক, সাইকেল অথবা তিন চাকা গাড়ি চলাচল করে। চাঁদপুরের লাউহাটি, মোবারকপুর, পানাপুকুর, মাছিভাঙা ইত্যাদি এলাকার কয়েক হাজার বাসিন্দা এবং পার্শ্ববর্তী হাড়ায়া ও ভাঙড়ের বহু মানুষ এই পথ দিয়ে যাতায়াত করেন। নিউটাউন শহরে কর্মরত নির্মাণ শ্রমিকদের যাতায়াতের অন্যতম প্রধান পথ এটি। তাঁদের বক্তব্য, রাস্তার পিচ বেরিয়ে গিয়েছে। পথ ভেঙেছে। অন্ধকার পথে নিত্য দুর্ভোগ পোহাতে হয়। সফিকুল ইসলাম নামে ভাঙড়ের এক নির্মাণকর্মী বলেন, 'এই পথে মাঝেমধ্যেই উল্টে যায় গাড়ি। হোঁচট খেয়ে জখম হন পথচারীরা।' স্থানীয় মানুষদের বক্তব্য, পথশ্রী প্রকল্পে ভাঙা রাস্তাটি মেরামত হয়েছিল। সংস্কারের কিছু দিনের মধ্যে সেটি আবার ভেঙে গিয়েছে। রাজারহাট পঞ্চায়েতের এক আধিকারিক বলেন, এই দু'কিলোমিটার ভাঙা রাস্তা আবার সারাইয়ের উদ্যোগ নেওয়া হবে। • নিজস্ব চিত্র